# বরিশাল বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল-শিবির সংঘর্ষে আহত ১০



ছবি: সংগৃহীত

বরিশাল বিশ্ববিদ্যালয়ে র‍্যালিকে কেন্দ্র করে ছাত্রদল ও ছাত্রশিবিরের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয় পক্ষের অন্তত ১০ জন আহত হয়েছেন বলে দাবি করা হয়েছে।

বুধবার (৫ আগস্ট) সকালে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রশিবিরের 'অদম্য জুলাই' শীর্ষক র‍্যালির সময় এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও সংশ্লিষ্ট সূত্র জানায়, র‍্যালিতে বহিরাগতদের অংশগ্রহণের অভিযোগ তুলে ছাত্রদলের নেতাকর্মীরা আপত্তি জানান। এ নিয়ে প্রথমে উভয় পক্ষের মধ্যে বাকবিতণ্ডা শুরু হয়। পরে পরিস্থিতি উত্তপ্ত হয়ে সংঘর্ষ এবং দফায় দফায় ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি আশিক আহমেদ অভিযোগ করেন, বহিরাগতদের নিয়ে শিবির ক্যাম্পাসে মিছিল করছিল। বিষয়টি নিয়ে আপত্তি জানানো হলে শিবিরের নেতাকর্মীরা হামলা চালায়। এতে ছাত্রদলের কয়েকজন নেতাকর্মী আহত হন বলে তিনি দাবি করেন।

অন্যদিকে, বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের সাধারণ সম্পাদক জাকারিয়া ইসলাম বাবু দাবি করেন, জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষে শান্তিপূর্ণ কর্মসূচি চলাকালে ছাত্রদলের নেতাকর্মীরা তাদের ওপর হামলা চালায়। এতে শিবিরেরও কয়েকজন নেতাকর্মী আহত হয়েছেন। তিনি আরও জানান, ঘটনার বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে অভিযোগ দেওয়া হয়েছে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের বক্তব্য তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি।

বরিশাল মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত উপকমিশনার (এডিসি) বেলাল হোসেন বলেন, সংঘর্ষের খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে কাজ শুরু করে। পরবর্তীতে ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয় এবং উভয় পক্ষকে শান্ত থাকার আহ্বান জানানো হয়েছে।

LENS ASIA